আজই নির্বাচন সামনে রেখে পদত্যাগ করছেন দুই উপদেষ্টা



সংগৃহীত ছবি

তফসিল ঘোষণার আগে অন্তর্বর্তী সরকারের দুই ছাত্র প্রতিনিধি মাহফুজ আলম ও আসিফ মাহমুদ দায়িত্ব ছাড়ছেন। সরকার ও উপদেষ্টা পরিষদের আলোচনায় নির্বাচনী পর্যায়ে তাদের পদত্যাগ বিষয়ে সম্মতি রয়েছে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার ঠিক আগমুহূর্তে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদে পরিবর্তন আসছে।

আজ (১০ ডিসেম্বর) দায়িত্ব থেকে সরে দাঁড়াচ্ছেন ছাত্র প্রতিনিধি হিসেবে থাকা তথ্য উপদেষ্টা মাহফুজ আলম এবং স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। মঙ্গলবার তারা আনুষ্ঠানিকভাবে সরকারের সংশ্লিষ্টদের কাছে তাদের সিদ্ধান্ত জানান।

দিনের শেষে বিকেল তিনটায় সচিবালয়ে সংবাদ সম্মেলনের কথা রয়েছে আসিফ মাহমুদের; ধারণা করা হচ্ছে, সেখানেই তিনি পদত্যাগের ব্যাখ্যা দেবেন।

প্রধান উপদেষ্টার সঙ্গে জ্যেষ্ঠ উপদেষ্টাদের সাম্প্রতিক বৈঠকে দুই উপদেষ্টার ভবিষ্যৎ অবস্থান নিয়ে আলোচনা হয়। বৈঠকে বলা হয়, নির্বাচন সামনে রেখে সরকারের কাঠামোকে আরও নিরপেক্ষ রাখতে ছাত্র প্রতিনিধি দুই উপদেষ্টার দায়িত্ব এখানেই শেষ করা যুক্তিযুক্ত।

গত বছরের ৫ আগস্ট সরকারের পতনের পর ৮ আগস্ট ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠিত হয়। জুলাইয়ের গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণদের প্রতিনিধিত্ব নিশ্চিত করতে সেই সময় মাহফুজ ও আসিফকে উপদেষ্টা পরিষদে অন্তর্ভুক্ত করা হয়েছিল।